

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.১১.০০০০.১২.৯৯.০০১.১৮- ২৭৬০/১ (৬৭)

তারিখ: ০৬/১২/১৬

প্রাপক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
-----জেলা (সকল)।

বিষয়: আর্মি ওয়ার্ম (Armyworm) পোকা আক্রমণ বিষয়ে সতর্কতা পত্র।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতের কর্ণাটক প্রদেশ ও অন্যান্য স্থানে আর্মি ওয়ার্ম (*Spodoptera frugiperda*) পোকাকার আক্রমণ পরিলক্ষিত হয়েছে। এটি ভূট্টা ও সর গম ফসলের ৭০% জমিতে আক্রমণ করেছে এবং ফলন ২০% এর মত হ্রাস পেয়েছে। এটি খুব দ্রুতবংশ বিস্তার করে। এই পোকাটি মার্কিন যুক্তরাষ্ট্র থেকে আফ্রিকা হয়ে বর্তমানে আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতে আবিষ্কৃত হয়েছে। ইতপূর্বে অত্র দপ্তরের ১৩/০৮/২০১৮ তারিখের ১৫৬৮/১(২০) নং স্মারকে ভূট্টা ও সরগম ফসলে আর্মি ওয়ার্ম (Armyworm) পোকা আক্রমণ বিষয়ে সতর্কতা বিষয়ক একটি পত্র প্রেরণ করা হয়েছে। গত ০৫/১২/২০১৮ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে “Fall Army worm an Invasive Pest: Future Threat to Bangladesh” বিষয়ক একটি কর্মশালায় বাংলাদেশে এ পোকাটির উপস্থিতি পরিলক্ষিত হয়েছে বলে বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠানের (BARI) বিজ্ঞানীরা উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, পোকাটির আক্রমণে যেন ভূট্টা ও সরগম ফসলের উৎপাদন ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য আপনার অঞ্চলাধীন সকল জেলা, উপজেলা, ব্লক এবং সংগনিরোধ কেন্দ্রের কর্মকর্তাদের সজাগ দৃষ্টি রাখা এবং এ পোকাকার উপস্থিতি পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠানের (BARI) টেলিফোন নং- ০২৪৯২৭০১২৪, ০২৪৯২৭০০০১ ও উদ্ভিদ সংরক্ষণ উইং এর ০১৯১২১৩৯৫০৫ নাম্বারে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(এ জেড এম ছািবির ইবনে জাহান)

পরিচালক (ভারপ্রাপ্ত)

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোন নং : ৯১৩১২৯৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. পরিচালক, সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, সকল অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
৪. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।